

# কালের বর্ণ

আপডেট : ২৪ মার্চ, ২০১৮ ২৩:৪৮

আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পরিচয়ে অপহরণ

## চারঘাটের দুই শিক্ষকের একজন ফিরেছেন



রাজশাহীর চারঘাট উপজেলায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য পরিচয়ে দুই কলেজ শিক্ষককে অপহরণের অভিযোগ উঠেছে। গতকাল শনিবার সকাল সোয়া ১০টার দিকে উপজেলার অনুপমপুর উচ্চ বিদ্যালয়ের সামনে এ ঘটনা ঘটে। বিষয়টি চারঘাট মডেল থানা পুলিশকে মৌখিকভাবে জানিয়েছে কলেজ কর্তৃপক্ষ।

অপহত দুই কলেজ শিক্ষক হলেন চারঘাটের রায়পুর গ্রামের আসমত আলীর ছেলে ও ডাকরা ডিগ্রি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক বজলুল ইসলাম এবং ইংরেজি বিভাগের প্রভাষক শফিকুর রহমান উজ্জল। তবে অপহত দুজনের মধ্যে বজলুর রহমান সন্ধ্যায় বাড়িতে ফিরে এলেও শফিকুর রহমানের সন্ধান মেলেনি।

ডাকরা কলেজের অধ্যক্ষ আবদুর রউফ জানান, গতকাল সকালে কলেজের ক্লাস শেষে মোটরসাইকেলে চারঘাটে যাচ্ছিলেন বজলুল ইসলাম ও শফিকুর রহমান। তাঁরা চারঘাট-আড়ানী সড়কের অনুপমপুর উচ্চ বিদ্যালয়ের সামনে পৌঁছলে সেখানে দাঁড়িয়ে থাকা কালো রঙের মাইক্রোবাসে থাকা কয়েকজন ব্যক্তি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য পরিচয় দিয়ে তাঁদের পথরোধ করে। এর কিছুক্ষণের মধ্যেই তাঁদের ওই মাইক্রোবাসে উঠিয়ে নিয়ে চলে যায় তারা। এরপর থেকেই তাঁদের কোনো সন্ধান পাওয়া যাচ্ছিল না। বিষয়টি মৌখিকভাবে চারঘাট মডেল থানা পুলিশকে অবহিত করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী ওই কলেজের শিক্ষক আবুল কালাম আজাদ জানান, ঘটনার সময় তিনি ওই রাস্তা দিয়ে যাচ্ছিলেন। এ সময় তিনি দেখেন একটি কালো মাইক্রোবাসে ওই দুই শিক্ষককে তোলা হচ্ছে। আর তাঁদের মোটরসাইকেলটি সেখানেই রেখে দেওয়া হচ্ছে। এতে তাঁর সন্দেহ হলে তিনি মাইক্রোবাসের কাছে যেতেই মাইক্রোবাসের একজন তাঁকে হাতের ইশারায় সেখানে যেতে নিষেধ

করেন। এরপরই দুই শিক্ষককে নিয়ে মাইক্রোবাসটি চারঘাটের দিকে চলে যায়। মাইক্রোবাসের সামনে একটি মোটরসাইকেলও ছিল। এ ঘটনার পর তিনি বিষয়টি কলেজ অধ্যক্ষ আবদুর রউফকে জানান।

এদিকে সন্ধ্যায় বাড়ি ফিরে আসেন বজ্রুর রহমান। তিনি জানান, তাঁকে বেশ কিছু দূরে নিয়ে গিয়ে বিলের মধ্যে ছেড়ে দেওয়া হয়। এরপর পেছন দিকে না তাকিয়ে সোজা চলে আসতে বলা হয়। প্রাণভয়ে তিনি আর পেছনে তাকাননি।

অপহৃত শফিকুর রহমান উজ্জলের ছেট ভাই মিলন জানান, তাঁর ভাইকে ঠিক কী কারণে, বা কারা উঠিয়ে নিয়ে গেছে, তা তিনি জানেন না।

চারঘাট মডেল থানার ওসি নজরুল ইসলাম বলেন, ‘কলেজ কর্তৃপক্ষের মৌখিক অভিযোগের ভিত্তিতেই কাজ শুরু করছি। সন্তান্য সব জায়গায় তাঁদের খোঁজ নেওয়া হচ্ছে।’

রাজশাহী জেলা গোয়েন্দা পুলিশের পরিদর্শক (তদন্ত) খালিদ হোসেন জানান, বিষয়টি তিনি শুনেছেন। তবে গোয়েন্দা পুলিশ তাদের আটক করেনি বলে নিশ্চিত করেছেন।

এ বিষয়ে রাজশাহী র্যাব ৫-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ মাহাবুবুল আলম জানান, র্যাব এ ধরনের কোনো অভিযান ওই এলাকায় পরিচালনা করেনি। তাই বিষয়টি তিনি জানেন না।

---

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ো, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএস্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)